দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT 04 1999 ...
পৃষ্ঠা ৫ ... কলাম ৪ ...

## জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

১৯৯২ সনে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রধান উদ্দেশ্য ছিল সেশনজটমুক্ত এবং যথাসময়ে ফলাফল প্রকাশ করা। অথচ ইতিমধ্যে প্রতিষ্ঠানটি সেশনজটের ফাঁদে আটকা পড়িয়াছে। আর ফলাফল প্রকাশের ক্ষেত্রেও দীর্ঘসূত্রতার রেকর্ড সৃষ্টি করিয়াছে। উল্লেখ্য যে, আমরা ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এম. এ (প্রথম পর্ব) শ্রেণীতে ভর্তি হই। আমাদের ৯৬ সনের এম, এ (প্রথম পর্ব) পরীক্ষা শুরু হয় ৯৮ সনের ২০শে আগষ্ট। বন্যার কারণে পরীক্ষা স্থগিত থাকিবার পর নভেম্বর মাসে তাহা সমাপ্ত হয়। তাহার পর প্রায় দশমাস পার হইয়া গেল। অথচ ফলাফল প্রকাশের কোন লক্ষণ নাই। এদিকে ৯৭ সনের এম.এ (প্রথম পর্ব) পরীক্ষা আরম্ভ হইবে আগামী ১২ই আক্টোবর হইতে। ৯৬ সনের পরীক্ষায় যাহারা অকৃতকার্য হইবে, তাহারা ৯৭ সনের এম.এ (প্রথম পর্ব) পরীক্ষায় কিভাবে অংশগ্রহণ করিবে তাহা বোধগম্য নয়। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

হোসনেয়ারা বকুল
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী
কলেজ, কুমিল্লা